

গার্ডিয়ান বীমার আওতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কর্মীরা

Published: 07 Jan 2019 08:51 PM BdST

গার্ডিয়ান লাইফ ইন্সুরেন্সের গ্রুপ বীমার আওতায় এসেছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা।

সোমবার কোম্পানিটি এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, সম্প্রতি মহাখালীতে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ কার্যালয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়টির সঙ্গে তাদের একটি চুক্তি সই হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গ্রুপ বীমা চুক্তির আওতায় এখন থেকে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সব কর্মকর্তা ও কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যরা জীবন বীমা ও স্বাস্থ্য বীমার আওতায় বিভিন্ন সুযোগ সুবিধা পাবেন।

এতে বলা হয়, বীমা পলিসির আওতায় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা স্বাভাবিক মৃত্যু কিংবা দুর্ঘটনাজনিত মৃত্যু, স্থায়ী কিংবা আংশিক অক্ষমতা জনিত পঙ্গুত্বের জন্যও বীমার আওতাভুক্ত থাকবেন।

এছাড়া গার্ডিয়ান লাইফ জানিয়েছে, স্বাস্থ্য বীমা পলিসির মাধ্যমে তারা নিজেদের এবং পরিবারের সদস্যদের দেশে-বিদেশে চিকিৎসার সুবিধার পাশাপাশি গার্ডিয়ান লাইফের হাসপাতাল নেটওয়ার্ক থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা ভোগ করবেন।

চুক্তি সই অনুষ্ঠানে অন্যদের মধ্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ এস এন কায়রী, হিসাব পরিচালক মনোজিত কুমার গুঁজা, উপ-পরিচালক সাদিয়া আলম, গার্ডিয়ান লাইফের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এম এম মনিরুল আলম, সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও হেড অব গ্রুপ ইন্সুরেন্স আজিমুল হক, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও হেড অব গ্রুপ সেলস মাজহারুল ইসলাম রানা উপস্থিত ছিলেন।